গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কেশবপুর, যশোর

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

**আগস্ট/২০২১ মাসে অনুষ্ঠিত Zoom Online এ Video Conference এর মাধ্যমে অনুষ্ঠিত কেশবপুর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব নাসিমা আকতার সাদেক<br>মহিলা ভাইস চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যান-১<br>উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর। |
| সভার তারিখ | : | ২৯/০৮/২০২১ খ্রিস্টাব্দ। |
| সময় | : | সকাল ১১:০০ টায়। |
| স্থান | : | সভার সদস্যদের স্ব স্ব অবস্থান। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | সংযুক্ত। |

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার জানান পরিষদের মাসিক সাধারণ সভার সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় গুরুতর অসুস্থ্য অবস্থায় খুলনা সিটি হসপিটালে ভর্তি আছেন। পরিষদের পক্ষ থেকে আশু রোগমুক্তি কামনা করা হয়। এজন্য মহিলা ভাইস চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যান-১ এঁর উপস্থিতে অদ্য ভার্চুয়াল সভার কার্যক্রম শুরু করা হয়। উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় ভার্চুয়ালি উপস্থিত ভাইস চেয়ারম্যান, ইউপি চেয়ারম্যানবৃন্দ, বিভিন্ন কার্যালয়ের দায়িত্বশীল কর্মকর্তাসহ উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানান। এরপর গত মাসের কার্য বিবরণী অনুমোদনের বিষয়ে সদস্যদের মতামত আহবান করা হয়। সকল আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্য বিবরণী প্রস্তুত হওয়ায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত ও গৃহীত হয়।

উপজেলা নির্বাহী অফিসার জানান কোভিড-১৯ পরিস্থিতি আগের তুলনায় কেশবপুরের অবস্থা ভালো। এর পরেও তিনি সকলকে মাস্ক ব্যবহার ও স্বাস্থ্য অনুসরণপূর্বক চলাচলের জন্য সকলকে অনুরোধ করেন। মাস্ক ব্যবহারে অনিহা দেখা যাচ্ছে। এ বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য জনপ্রতিনিধিসহ সকলের সহযোগিতা কামনা করেন। ৩৩৩ এ আবেদনকারীদের জন্য খাদ্য সহায়তা প্রদান কার্যক্রম অব্যাহত আছে।

অত:পর আলোচ্যসূচি অনুযায়ী সভায় আলোচনার প্রেক্ষিতে সভাপতি কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত ও বাস্তবায়নের বিষয়গুলো নিম্নরুপ:

আলোচ্য সূচি-১: ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি প্রকল্প গ্রহণ সংক্রান্ত আলোচনা:

| ক্রম. | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | উপজেলা প্রকৌশলী অনুপস্থিত থাকায় এবং পক্ষে কোন প্রতিনিধিও উপস্থিত না থাকায় এডিপি সংক্রান্ত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা রাজস্ব তহবিল ২০২০-২১ অর্থ বছর শেষে অব্যয়িত ৯৮,৫৩,৮৩৭.৯১ (আটানব্বই লক্ষ তিপ্পান্ন হাজার আটশত সাইত্রিশ টাকা একানব্বই পয়সা) উন্নয়ন তহবিলে হস্তান্তর করা হয়েছে। এছাড়া ২০২১-২২ অর্থ বছর বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় সাধারণ ১ম কিস্তিতে ২০.৭৯ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে বছরের শুরুতেই প্রকল্প গ্রহণে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ জন্য নীতিমালা অনুযায়ী খাত ভিত্তিক প্রাপ্ত প্রকল্প তালিকা বাছাই কমিটির সভায় উপস্থাপন পূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>উপজেলা নির্বাহী অফিসার আরো জানান কোভিড-১৯ মোকাবিলায় (মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এন্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থারমাল স্ক্যানার ইত্যাদি বিনা মূল্যে বিতরণ/সেবা প্রদান) খাতে ৩.৬৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ২০২১-২২ অর্থ বছরে এডিপি প্রকল্প গ্রহণে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং কোভিড-১৯ মোকাবিলায় প্রাপ্ত অর্থে দ্রুত মালামাল সরবরাহ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, কেশবপুর, যশোর। |

আলোচ্য সূচি-২: বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:

| ক্রম. | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ: | অনুপস্থিত | |
| ২ | প্রাণি সম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান কুকুরে কামড়ানো রোধকল্পে ভ্যানসিন মজুদ নাই। তাছাড়া মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা মোতাবেক পশু নিধন করা যাবে না। উপজেলা নির্বাহী অফিসার ভ্যাকসিন পাওয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | কুকুরের কামড়ানো রোধকল্পে কুকুরদের জন্য ভ্যাকসিন প্রাপ্তির জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কেশবপুর |
| ৩ | কৃষি বিভাগ: উপজেলা কৃষি অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান এ বছর ৯ হাজার হে. জমিতে পাট উৎপাদনের লক্ষমাত্রা অর্জিত হয়েছে। পাটের ফলন আশানুরূপ হয়েছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কার্যক্রম আরও জোরদার করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, কেশবপুর, যশোর। |
| ৪ | মৎস্য বিভাগ: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কেশবপুর, যশোর জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উপজেলার মৎস্য চাষীদের মাঝে ২৮/০৮/২০২১ খ্রি. হতে ০৩/০৯/২০২১ খ্রি. পর্যন্ত মৎস্য সেবা সপ্তাহ। পোনা ছাড়ার কার্যক্রমের মাধ্যমে মৎস্য সপ্তাহ কার্যক্রম শুরু হয়েছে। আগামীকাল মৎস্য চাষীদের মধ্যে পোনা বিতরণ কার্যক্রম শুরু হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | প্রকৃত মৎস্য চাষীদের মাঝে পোনাসহ মৎস্য উপকরণ বিতরণ করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫ | সমাজ সেবা বিভাগ: | অনুপস্থিত | |

| | | | |
|---|---|---|---|
| ৬ | প্রকৌশল বিভাগ: | অনুপস্থিত | |
| ৭ | উপজেলা প্রকল্প কর্মকর্তা (পল্লী জীবিকায়ন প্রকল্প), বিআরডিবি: উপজেলা প্রকল্প কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কাজ কর্ম আরো বেগবান করতে হবে। | উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ), কেশবপুর |
| ৮ | পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তিনি মনিরামপুর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা দায়িত্বে নিয়োজিত। এ উপজেলা অতিরিক্ত দায়িত্ব পালন করবেন। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | দাপ্তরিক কাজ কর্ম আরো বেগবান করতে হবে। | উপজেলা প: প: কর্মকর্তা, কেশবপুর, যশোর। |
| ৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ: | অনুপস্থিত | |
| ১০ | শিক্ষা বিভাগ: | অনুপস্থিত | |
| ১১ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ২০২১-২২ অর্থ বছরের এখনও কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়ার পরপরই কার্যক্রম গ্রহণ করতে হবে। এজন্য সকল ইউপি চেয়ারম্যানদের তালিকা প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হয়। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বরাদ্দপ্রাপ্তি সাপেক্ষে দ্রুত তালিকা গ্রহণপূর্বক প্রকল্প বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কেশবপুর |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান করোনা কালীন সময়ে যুব উন্নয়নের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা যায়নি। পরিস্থিতি স্বাভাবিক হলে কার্যক্রম শুরু করা হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | নীতিমালা অনুযায়ী সকল প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কেশবপুর |
| ১৩ | জনস্বাস্থ্য বিভাগ: উপসহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>উপজেলা নির্বাহী অফিসার সকল আশ্রায়ণ প্রকল্পের আওতায় নলকূপ স্থাপনের জন্য উপসহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) অনুরোধ জানানো হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সকল আশ্রায়ণ প্রকল্পের আওতায় নলকূপের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপসহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য), কেশবপুর |
| ১৪ | মহিলা বিষয়ক কর্মকর্তা: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিধিমোতাবেক সকল ভাতা বিতরণ করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কেশবপুর |
| ১৫ | সমবায় বিভাগ : | অনুপস্থিত | |
| ১৬ | পল্লী উন্নয়ন বিভাগ (বিআরডিবি): | অনুপস্থিত | |
| ১৭ | পল্লী সঞ্চয় ব্যাংক: | অনুপস্থিত | |
| ১৮ | বন বিভাগ: | অনুপস্থিত | |
| ১৯ | বিদ্যুৎ বিভাগ: ডিজিএম, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, কেশবপুর অঞ্চল, কেশবপুর, যশোর জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান গত ৭ মে উপজেলায় বিদ্যুতের চাহিদা ছিল ৭ মে. ওয়াট। ৩ মে. ওয়াট বিদ্যুৎ বরাদ্দ পাওয়ায় লোড শেডিং করতে হয়েছে। অনাকাঙ্খিত অসুবিধার জন্য তিনি দু:খ প্রকাশ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার ধর্মপুর আশ্রায়ণ প্রকল্পের ৯টি পরিবারের জন্য দ্রুত বিদ্যুৎ সংযোগ প্রদানের অনুরোধ করলে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সকল আশ্রায়ণ কেন্দ্রে অগ্রাধিকার ভিত্তিতে বিদ্যুৎ সংযোগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান। |
| ২০ | পানি উন্নয়ন বোর্ড: | অনুপস্থিত | |
| ২১ | ইউডিএফ: উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান তিনি এ উপজেলা সদ্য যোগদান করেছেন। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |

## উপজেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ বিভাগের আলোচনা ও সিদ্ধান্ত:

| ক্রম. | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | কেশবপুর পৌরসভা: | অনুপস্থিত | |
| ২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা ইউনিয়ন পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে। | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা ইউনিয়ন পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে। | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ |
| ৪ | চেয়ারম্যান, ১নং ত্রিমোহিনী ইউনিয়ন পরিষদ: প্যানেল চেয়ারম্যান বলেন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান চেয়ারম্যান উপজেলা পরিষদ, কেশবপুর, যশোরের শারীরিক অবস্থা বেশ খারাপ। তার দ্রুত সুস্থ্যতা কামনা করেন। | বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে। | চেয়ারম্যান,১নং ত্রিমোহনী ইউপি |
| ৫ | চেয়ারম্যান, ২নং সাগরদাঁড়ী ইউনিয়ন পরিষদ: | অনুপস্থিত | |
| ৬ | চেয়ারম্যান, ৩নং মজিদপুর ইউনিয়ন পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান শ্রীফলা আশ্রায়ন কেন্দ্র ইতোমধ্যে ভূমিহীনদের মাঝে বরাদ্দ প্রদান করা হয়েছে। এখানে পানির তীব্র সংকট রয়েছে। অতিদ্রুত একটি গভীর নলকূপ স্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।<br>তিনি আরো জানান কেশবপুর টু সাগরদাঁড়ী রাস্তার দুই পার্শ্বে জমির মালিকগণ বিভিন্ন ধরনের সবজি ও ঘাস লাগিয়ে সেখানে ঘিরে রেখেছে। ফলে রাস্তা ছোট হয়ে ঝুঁকিপূর্ণ অবস্থায় চলাচল করতে হচ্ছে। তিনি এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | শ্রীফলা আশ্রায়ণ কেন্দ্রে একটি গভীর নলকূপ স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কেশবপুর টু সাগরদাঁড়ী রাস্তার দুপার্শ্বের অবৈধ বেড়া উচ্ছেদের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ৩নং মজিদপুর ইউনিয়ন পরিষদ, উপজেলা প্রকৌশলী, উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কেশবপুর, যশোর |
| ৭ | চেয়ারম্যান, ৪নং বিদ্যানন্দকাটি ইউনিয়ন পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান হাড়িয়াঘোপ ও | হাড়িয়াঘোপ টু ভবানিপুরের | চেয়ারম্যান,৪নং বিদ্যানন্দকাটি |

| | | | |
|---|---|---|---|
| | ভবানিপুরের মাঝে যে সরকারি কালভার্ট আছে সেটি বন্ধ করে ঘের মালিকগণ ঘের ব্যবসা পরিচালনা করে আসছে। এতে ধানসহ বিভিন্ন ফসলের মারাত্মক ক্ষতি হচ্ছে। বার বার অনুরোধ করেও কোন লাভ হচ্ছে না। উপজেলা নির্বাহী অফিসার ঘের মালিকদের নিয়ে একটি সভা আহবান করার অনুরোধ করেন। তিনি নিজেও উপস্থিত থাকবেন মর্মে অবহিত করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | মাঝে বিদ্যমান কালভার্টটি অপসারনে ঘের মালিকদের নিয়ে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউনিয়ন পরিষদ |
| ৮ | চেয়ারম্যান, ৫নং মঙ্গলকোট ইউনিয়ন পরিষদ: | অনুপস্থিত | |
| ৯ | চেয়ারম্যান, ৬নং কেশবপুর ইউনিয়ন পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো বলেন বর্তমানে অধিকাংশ কেশবপুরবাসী মাস্ক ব্যবহার করছে না। ফলে করোনায় আক্রান্ত হওয়ার ঝুঁকি বাড়ছে। এ বিষয়ে সচেতনা বাড়ানোর জন্য এবং মোবাইল কোর্ট পরিচালনার জন্য তিনি অনুরোধ করেন। আগামী ৩১ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ তারিখ বয়স্ক, বিধবাসহ সামাজিক নিরাপত্তার আওতায় সকল ভাতাভোগীদের আবেদনের শেষ তারিখ। সময় বাড়ানোর প্রয়োজন। বর্তমানে কুকুরের কামড়ানোর প্রকোপ বৃদ্ধি পাচ্ছে। কুকুরের বংশবৃদ্ধি নিয়ন্ত্রণে কাজ করতে হবে। তাছাড়া কোন ঘের ব্যবসায়ী অবৈধভাবে পানি আটকিয়ে ঘের ব্যবসা করতে পারবে না। এ বিষয়ে সতর্ক হওয়ার জন্য তিনি প্রশাসনসহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে। | চেয়ারম্যান, ৬নং কেশবপুর ইউনিয়ন পরিষদ |
| ১০ | চেয়ারম্যান, ৭নং পাঁজিয়া ইউনিয়ন পরিষদ: | অনুপস্থিত | |
| ১১ | চেয়ারম্যান, ৮নং সুফলাকাটি ইউনিয়ন পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো বলেন কাটাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন একতলা ভবনটি খুবই জরাজীর্ণ ও পরিত্যাক্ত এবং ঝুঁকিপূর্ণ অবস্থায় পড়ে আছে। যে কোন সময় মারাত্মক দুর্ঘটনা ঘটতে পারে। অতিদ্রুত অপসারণ করা প্রয়োজন। তাছাড়া উক্ত বিদ্যালয়ে ইতোমধ্যে নতুন দ্বিতল ভবন নির্মিত হয়েছে। পুরাতন ঐ ভবনের জন্য কাটাখালী [illegible]টিও ক্ষতিগ্রস্থ হচ্ছে। ভবনটি নিলামের বিষয়ে উপজেলা প্রকৌশলীকে বিধিমোতবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিধি মোতাবেক কাটাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন একতলা ভবনটি নিলামের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, সুফলাকাটি ইউনিয়ন পরিষদ ও উপজেলা প্রকৌশলী |
| ১২ | চেয়ারম্যান, ৯নং গৌরিঘোনা ইউনিয়ন পরিষদ: | অনুপস্থিত | |
| ১৩ | চেয়ারম্যান, ১০নং সাতবাড়ীয়া ইউনিয়ন পরিষদ: কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। সাতিবাড়িয়া ইউনিয়নে একজন সাপে কামড়ানো রোগী মারা গেছে। উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে সাপে কামড়ানো রোগীর চিকিৎসা আছে কিনা জানতে চাইলে উপজেলা নির্বাহী অফিসার বলেন চিকিৎসা আছে। তবে [illegible]ভাবে চিকিৎসাসেবা নিলে রোগী সুস্থ্য হবে। চিকিৎসা বিষয়ে ব্যাপক সচেতনতা বৃদ্ধি করতে হবে। এ বিষয়ে বি[illegible] আলোচনা হয়। | বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে। | চেয়ারম্যান, সাতবাড়ীয়া ইউনিয়ন পরিষদ |
| ১৪ | চেয়ারম্যান, ১১নং হাসানপুর ইউনিয়ন পরিষদ: কার্যক্রম সু[illegible]বে চলছে। তিনি বলেন হাসানপুর ইউনিয়ে নিজেস্ব কোন ইউনিয়ন পরিষদের কোন ভবন নেই। জমি ক্রয় করা হয়েছে। [illegible]ন তৈরীর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিধি মোতাবেক সকল কার্যক্রম চালাতে হবে। | চেয়ারম্যান, হাসানপুর ইউনিয়ন পরিষদ |

আলোচ্য সূচি-৪: রাজস্ব তহবিলের বিভিন্ন নিয়মিত ব্যয় সং[illegible] আলোচনা:

| | | | |
|---|---|---|---|
| ১ | নীতিমালা অনুযায়ী জুলাই/২১ ও আগস্ট/২১ মাসের মাসিক [illegible] আনুষঙ্গিক/আপ্যায়ণ ব্যয় পরিশোধ করতে হবে। | বিধি মোতাবেক রাজস্ব তহবিল থেকে নিয়মিত ব্যয় পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর। |

আলোচ্য সূচি-৫: পরিষদের ১৭টি কমিটি গঠন সংক্রান্ত [illegible]:

| | | | |
|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, পরিষদের সভার স[illegible] চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর যশোর অসুস্থ্য জনিত অনুপস্থিত থাকায় [illegible]গঠন বিষয়ে পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরবর্তী পরিষদের মাসিক সাধারণ সভায় আলোচ্যসূচিভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিএ উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর। |

আলোচ্য সূচি-৬: বিবিধ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ: নেই।

সভাপতি সভার সভাপতি ও চেয়ারম্যান, উপজে[illegible] পরিষদ, কেশবপুর যশোর মহোদয়ের সুস্থ্যতা কামনা করেন। অত:পর, সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে দীর্ঘায়ু কামনা ও ধন্যবাদ [illegible]ক সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

(নাসিমা আকতার সাদেক)
মহিলা ভাইস চেয়ারম্যান
প্যানেল চেয়ারম্যান-০১
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা
কেশবপুর, যশোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কেশবপুর, যশোর।

স্মারক নং- ০৫.৪৪.৪১৩৮.০০০.০৩.০২৬.২০-১২৬৮(৬০)

তারিখ: ১৪ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ
২৯ আগস্ট, ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৯০-যশোর-০৬
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা
০৫। জেলা প্রশাসক, যশোর।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।
০৮। ......................................................................................
০৮। অফিস কপি।

২৯.০৮.২১

(এম.এম. আরাফাত হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
কেশবপুর, যশোর।
unokeshabpur@mopa.gov.bd